কালের কণ্ঠ

তারিখ 04 OCT 2013
পৃঃ ... কলাম ...

# উচ্চশিক্ষা কমিশন ইতিবাচক পরিবর্তন আনবে : রাষ্ট্রপতি

**কালের কণ্ঠ ডেস্ক ►**

উচ্চশিক্ষা কমিশন দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় ইতিবাচক পরিবর্তন আনবে বলে আশা প্রকাশ করেছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। তিনি বলেন, সরকার উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য একটি উচ্চশিক্ষা কমিশন গঠন করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। কমিশন গঠিত হলে দেশের সব বিশ্ববিদ্যালয় মনিটরিং, আইনগত কাঠামো ও জবাবদিহিতার আওতায় আসবে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর একটি অভিজাত হোটেলে ইউনিভার্সিটি এনগেজমেন্ট প্রজেক্টের প্রদর্শনী অনুষ্ঠানে দেওয়া ভাষণে তিনি এ কথা বলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), ব্রিটিশ কাউন্সিল ও অ্যাকশন এইডের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয়কে জাতির বাতিঘর হিসেবে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বিশ্ববিদ্যালয় সমাজ, সভ্যতা, উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতির চালিকাশক্তি। তিনি আরো বলেন, উচ্চশিক্ষা কমিশন হবে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। রাষ্ট্রপতি বলেন, উচ্চশিক্ষার বিশাল সেক্টর তদারকি করা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পক্ষে প্রায় অসম্ভব। এর পরও উচ্চশিক্ষার মানোন্নয়নে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বাংলাদেশে ব্রিটিশ হাইকমিশনার রবার্ট ডাব্লিউ গিবসন এবং ব্রিটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর রোজম্যারি অর্নোট বক্তব্য দেন। রাষ্ট্রপতি পরে প্রদর্শনীর বিভিন্ন স্টল ঘুরে দেখেন। সূত্র : বাসস।